



## বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন

টিসিবি ভবন (৪র্থ তলা) ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ওয়েবসাইট: [www.berc.org.bd](http://www.berc.org.bd)

নং-২৮.০১.০০০০.০১২.১৭.০০২.২৩.১৩২৩

তারিখ: ১৯ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ  
০২ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

### Saudi CP অনুযায়ী ভোক্তাপর্যায়ে বেসরকারি এলপিগিজ ও অটোগ্যাসের মূল্য সমন্বয় বিজ্ঞপ্তি।

এপ্রিল ২০২৩ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP যথাক্রমে প্রতি মেট্রিক টন ৫৫৫.০০ মার্কিন ডলার এবং ৫৪৫.০০ মার্কিন ডলার এবং প্রোপেন ও বিউটেনের অনুপাত ৩৫:৬৫ অনুযায়ী প্রোপেন ও বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৫৪৮.৫০ মার্কিন ডলার বিবেচনায় এপ্রিল ২০২৩ মাসের জন্য বেসরকারি এলপিগিজ ও অটোগ্যাসের ভোক্তাপর্যায়ে মূল্য নিম্নলিখিতভাবে সমন্বয় করা হলো:

(ক) বেসরকারি এলপিগিজ'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূসকসহ মূল্য প্রতি কেজি ৯৮.১৭ টাকায় এবং বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিগিজ'র ভোক্তাপর্যায়ে মূসকসহ মূল্য নিম্নরূপভাবে সমন্বয় করা হলো:

#### বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিগিজ'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, এপ্রিল -২০২৩

বিবরণ	বোতলজাতকৃত এলপিগিজ'র পরিমাণ ও মূল্য												
	৫.৫ কেজি	১২ কেজি	১২.৫ কেজি	১৫ কেজি	১৬ কেজি	১৮ কেজি	২০ কেজি	২২ কেজি	২৫ কেজি	৩০ কেজি	৩৩ কেজি	৩৫ কেজি	৪৫ কেজি
রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে বিক্রয়মূল্য (মূসকসহ)	৫৪০ টাকা	১,১৭৮ টাকা	১,২২৮ টাকা	১,৪৭২ টাকা	১,৫৭১ টাকা	১,৭৬৭ টাকা	১,৯৬৩ টাকা	২,১৬০ টাকা	২,৪৫৪ টাকা	২,৯৪৫ টাকা	৩,২৪০ টাকা	৩,৪৩৬ টাকা	৪,৪১৮ টাকা

(খ) রেটিকুলেটেড পদ্ধতিতে তরল অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিগিজ'র ভোক্তাপর্যায়ে মূসকসহ মূল্য প্রতি কেজি ৯৪.৯৪ টাকায় বা রেটিকুলেটেড পদ্ধতিতে গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিগিজ'র ভোক্তাপর্যায়ে মূসকসহ মূল্য প্রতি লিটার ০.২১১০ টাকায় সমন্বয় করা হলো।

(গ) ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূসকসহ মূল্য প্রতি লিটার ৫৪.৯০ টাকায় সমন্বয় করা হলো।

- সমন্বয়কৃত উক্ত মূল্য ১৯ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ/ ০২ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।
- সরকারি এলপিগিজ'র ইআরএল/আরপিজিসিএল পর্যায়ে মূল্য অপরিবর্তিত থাকায় এবং সরকারি এলপিগিজ'র মূল্য সমন্বয়ের সাথে Saudi CP'র সংশ্লিষ্টতা না থাকায় সরকারি এলপিগিজ'র মূল্য অপরিবর্তিত থাকবে।
- ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/ ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ এর অন্যান্য আদেশ ও নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
- বিস্তারিত মূল্য সমন্বয় আদেশ (বিইআরসি আদেশ নম্বর: ২০২৩/০৫) কমিশনের ওয়েবসাইট [www.berc.org.bd](http://www.berc.org.bd) এ পাওয়া যাবে।

কমিশনের আদেশক্রমে,

ব্যারিস্টার মোঃ খালিলুর রহমান খান

সচিব, বিইআরসি।

ফোন: ০২-৫৫০১৪০০৭